# ফাউন্ডেশনাল রিডিং স্কিলস্ স্ক্রিনার

NYC Public Schools | Reads

Eric Adams Mayor | David C. Banks Chancellor

## NYCPS-এর পরিবার ও প্রযত্ন-প্রদানকারীদের জন্য বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

**নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ (NYCPS) আমাদের সর্বোচ্চ লক্ষ্যগুলোর একটি হচ্ছে আমাদের শিক্ষার্থীরা ভালোভাবে পড়তে পারে তা নিশ্চিত করা। সেজন্যেই আমরা এনওয়াইসি রিডস্-এর (NYC Reads) প্রতি মনোনিবেশ করেছি, এবং আপনার সন্তানের শেখায় সহায়তা করতে আপনার অংশীদারিত্বের জন্য আমরা কৃতজ্ঞ! প্রতিটি শিক্ষার্থী কীভাবে পড়ছে এবং কীভাবে তাদের শেখায় সহায়তা করা যায় তা জানতে, বছরে তিনবার আমরা সকল শিক্ষার্থীকে একটি রিডিং চেক-আপ (পঠন পরীক্ষা) প্রদান করি, যাকে বলা হয়, "ফাউন্ডেশনাল রিডিং স্কিলস্ স্ক্রিনার" (পড়ার ভিত্তিমূলক বা মৌলিক দক্ষতাসমূহ যাচাইকারক)। নিচে আমরা যাচাইকারক বা স্ক্রিনারগুলো সম্পর্কে দশটি সাধারণ প্রশ্নের উত্তর দিয়েছি।**

---

1. **"ফাউন্ডেশনাল রিডিং স্কিলস্ স্ক্রিনার" (পড়ার ভিত্তিমূলক দক্ষতাসমূহ যাচাইকারক) কী? এটা আমার সন্তান কেন গ্রহণ করছে?** এনওয়াইসি রিডস্-এর (NYC Reads) হচ্ছে সকল NYCPS শিক্ষার্থীদের ভালোভাবে পড়তে সহায়তা করার একটি প্রয়াশ। এনওয়াইসি রিডস্-এর (NYC Reads) অংশ হিসেবে, বছরে তিনবার সকল শিক্ষার্থীকে একটি "ফাউন্ডেশনাল রিডিং স্কিলস্ স্ক্রিনার" (পড়ার ভিত্তিমূলক বা মৌলিক দক্ষতাসমূহ যাচাইকারক) দেয়া হয়। স্ক্রিনারটি হচ্ছে একটি রিডিং বা পঠন পরীক্ষা যা শিক্ষকদেরকে আপনার সন্তান কীসে ভালো এবং কোথায় উন্নতি করতে হবে তা বুঝতে সহায়তা করে। আপনার স্কুল Acadience, Amplify, i-Ready, MAP, অথবা STAR স্ক্রিনার ব্যবহার করতে পারে।

2. **স্ক্রিনারটি শিক্ষকদের কী বুঝতে সহায়তা করে?** স্ক্রিনারটি শিক্ষকদেরকে আপনার সন্তানের পড়ার ভিত্তিমূলক দক্ষতাগুলো বুঝতে সহায়তা করে। রিডিং-এর (পঠন) দুটি অংশ রয়েছে: অর্থোদ্ধার বা ডিকোডিং (শব্দগুলো উচ্চারণ করা) এবং বোঝা (বিভিন্ন শব্দের অর্থ কী এবং বিভিন্ন গল্পের বিষয়বস্তু কী তা জানা)। অর্থোদ্ধার এবং বোঝার জন্য, পড়ার পাঁচটি ভিত্তিমূলক দক্ষতা আছে: শব্দের মাঝের উচ্চারণগুলো শোনা (ধ্বনিরীতি সচেতনতা), অক্ষরসমূহের উচ্চারণ জানা (ধ্বনিতত্ত্ব), শব্দসমূহ জানা (শব্দভাণ্ডার বা ভোকাবুলারি), স্বাচ্ছন্দ্যে পড়া (সাবলীলতা), এবং বিভিন্ন শব্দ ও পাঠ্যের অর্থ কী তা বোঝা (অনুধাবন)। স্ক্রিনারটি আপনার সন্তান এই দক্ষতাগুলো অর্জনে কীভাবে অগ্রসর হচ্ছে তা শিক্ষকদের কাছে তুলে ধরে যেন তারা উদ্দিষ্ট শিক্ষা নির্দেশনা প্রদান করতে পারেন, যেমন অতিরিক্ত অনুশীলন এবং/অথবা সমৃদ্ধকরণ।

3. **আমার সন্তান যাচাইকারক পরীক্ষার (স্ক্রিনার চেক-আপ) সময় কী করবে? এর জন্য আমার সন্তানের কি অধ্যয়ন করা উচিত?** আপনার সন্তান ক্লাসের অভ্যন্তরে একটি রিডিং চেক-আপ-এ অংশগ্রহণ করবে (সাধারণত 60 মিনিটের বেশি নয়), যা তাদের পড়ার ভিত্তিমূলক দক্ষতাসমূহ মূল্যায়নে বিভিন্ন প্রশ্ন করবে। স্ক্রিনারটি একজন শিক্ষকের সাথে স্বতন্ত্রভাবে কাজ করা অথবা একটি কম্পিউটার-ভিত্তিক মূল্যায়ন অন্তর্ভুক্ত করতে পারে। আপনার সন্তানের কোনো পড়াশোনা বা প্রস্তুতি নেয়ার প্রয়োজন নেই।

4. **আমি আমার সন্তানের স্ক্রিনারের ফলাফল কীভাবে পাবো?** আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টে

**আরও তথ্যের জন্য উল্টো পৃষ্ঠা দেখুন। ▶**



(**schoolsaccount.nyc**) আপনার সন্তানের ফলাফল খুঁজে পাবেন। লগ ইন করুন, "MyStudent" (মাইস্টুডেন্ট)-এ এবং এরপর "Reading and Math Progress" (পড়া এবং গণিতে অগ্রগতি) ট্যাবে ক্লিক করুন। রিডিং স্ক্রিনারের ফলাফলগুলো "Acadience, Amplify, i-Ready, MAP, অথবা STAR" নাম সহ 'Assessment Name' (মূল্যায়নের নাম) (প্রথম কলাম) এবং 'Subject'-এর (বিষয়) অধীনে (দ্বিতীয় কলাম) "Reading" (পঠন) কলামে পাওয়া যাবে। এছাড়াও, আপনি শিক্ষা বছরের শুরু, মধ্যবর্তী, এবং শেষের জন্য মূল্যায়নের সময়কাল (অ্যাসেসমেন্ট পিরিয়ড) দেখতে পাবেন। আপনি একটি "Scoring Explanation" (ফলাফল প্রদানের ব্যাখ্যা), যা উল্লেখ করবে "performing above grade-level" (গ্রেড স্তরের উপরে কার্যসম্পাদন করছে), "performing at grade-level" (গ্রেড স্তর অনুযায়ী কার্যসম্পাদন করছে), অথবা "in need of support in order to be performing at grade level" (গ্রেড স্তর অনুযায়ী কার্যসম্পাদন করতে সহায়তা প্রয়োজন)। এটা বছরের যে সময় স্ক্রিনারটি দেয়া হয়েছিল সে সময় আপনার সন্তান তার গ্রেড অনুযায়ী কতটুকু অগ্রগতি অর্জন করেছে তার প্রতিফলন করে। আপনি যদি ফলাফল দেখতে না পান, তবে আপনার সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

5. **যদি আমার সন্তানের গ্রেড স্তর অনুযায়ী কার্যসম্পাদনা করতে আরো সহায়তা প্রয়োজন হয়, তবে?**
   যদি আপনার সন্তান গ্রেড স্তর অনুযায়ী কার্যসম্পাদনা না করে, তবে তার সহায়তা প্রয়োজন হতে পারে। যদি আপনার সন্তানের সহায়তা প্রয়োজন হয়, তবে আপনার শিক্ষক সেটা প্রদান করবে, যেমন, ছোট দলে শিক্ষা-নির্দেশনা প্রদান। যদি আপনার সন্তান এখন গ্রেড স্তর অনুযায়ী কার্য-সম্পাদনা করছে না, তবে এর অর্থ এটাও হতে পারে যে, যেই দক্ষতাগুলো পরীক্ষা করা হয়েছে সেগুলো ক্লাসে এখনো শেখানো হয়নি। যদি তাই হয়, আপনার সন্তানের শিক্ষক আপনাকে তা বুঝতে সহায়তা করতে পারেন।

6. **আমার সন্তান যদি ইংরেজিতে কথা বলতে ও পড়তে শিখছে, তবে?**
   মাঝে মাঝে মূল্যায়নগুলো (অ্যাসেসমেন্ট) আপনার সন্তান কী জানে তার পূর্ণ চিত্র প্রদান করে না, কারণ সে এখনো ইংরেজি শিখছে। সে বাড়ির ভাষায় যা জানে সেবিষয়ে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন। উদাহরণস্বরূপ, যদি আপনার সন্তান ছন্দ শনাক্ত করতে পারে, তার বাড়ির ভাষায় অক্ষরগুলো জানে, পড়তে ও লিখতে পারে, এবং আরো অনেক কিছু তবে তা শেয়ার করুন।

7. **যদি আমার সন্তান একটি দ্বিভাষিক (বাইলিঙ্গুয়াল) প্রোগ্রামে নথিভুক্ত (এনরোল) হয়, দুটি ভাষায় পড়তে শিখছে, তবে?**
   এই সংস্থানের সকল পরামর্শ আপনার বাড়িতে ব্যবহৃত ভাষায় ব্যবহার করা যেতে পারে। আপনার বাড়ির ভাষার গুরুত্ব আছে এবং আপনার সন্তানকে পড়তে শেখাতে সহায়তা করতে পারে। যদি আপনার সন্তান একটি ভাষায় অন্য ভাষা থেকে বেশি অগ্রগত অর্জন করছে তবে কোনো সমস্যা নেই; তার দক্ষতাগুলো দ্বিতীয় ভাষাতেও স্থানান্তরিত হবে। উভয় ভাষায় আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে তার শিক্ষককে জিজ্ঞাসা করুন।

8. **আমি পূর্ববর্তী বছরগুলোর মত আমার সন্তানের ফাউন্টাস অ্যান্ড পিনেল (Fountas & Pinnell, F&P) পড়ার স্তর (A-Z) দেখতে পাচ্ছি না। কেন নয়?**
   পূর্ববর্তী বছরগুলোতে, NYCPS যেসব মূল্যায়ন ব্যবহার করত যেগুলো শিক্ষার্থীদের রিডিং বা পড়ার স্তর A থেকে Z প্রদান করতো। এই মূল্যায়ন বা অ্যাসেসমেন্টগুলো শিক্ষকদের সম্পূর্ণরূপে শিক্ষার্থীদের শব্দগুলোর উচ্চারণ বোঝার সুযোগ দেয় না—যা সকল পাঠকের জন্য একটি মুখ্য দক্ষতা। সেজন্যে, NYCPS এখন বিভিন্ন স্ক্রিনার ব্যবহার করছে যা শিক্ষকদেরকে রিডিং বা পড়ার সকল মৌলিক দক্ষতা জুড়ে শিক্ষার্থীদের অগ্রগতি বোঝার সুযোগ দেয়।

9. **একটি স্ক্রিনার কি নিউ ইয়র্ক স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) টেস্টের মতোই?**
   না। নিউ ইয়র্ক স্টেট ELA টেস্ট হচ্ছে একটি দুই-দিনব্যাপী পরীক্ষা যা 3-8 গ্রেডের শিক্ষার্থীরা বসন্তে (স্প্রিং) গ্রহণ করে। শিক্ষার্থীরা বহুচয়ন (মাল্টিপল চয়েস) প্রশ্নাবলীর উত্তর দেয় এবং তারা যে অনুচ্ছেদগুলো পড়ে সেগুলোর উপর ভিত্তি করে হ্যাঁ বা না ব্যবহারে জবাব দেয়া যায় না এমন প্রশ্নাবলীর উত্তর দেয়। ELA টেস্ট বিবিধ দক্ষতার মূল্যায়ন করে; স্ক্রিনারগুলো সুনির্দিষ্ট পড়ার ভিত্তিমূলক দক্ষতাসমূহ মূল্যায়ন করে।

10. **আমার সন্তানকে পাঠিক হিসেবে সহায়তা করতে আমি কী করতে পারি?**
    NYCPS-এ, সকল শিক্ষার্থীকে পড়তে শেখানো আমাদের কর্তব্য। বাড়িতে সহায়তা করতে, আপনার সন্তান কেমন করছে এবং আপনি কীভাবে সহায়তা করতে পারেন তা আপনার সন্তানকে জিজ্ঞাসা করুন। এছাড়াও আপনি যা করতে পারেন:
    - কথা বলুন! আপনার সন্তানের সাথে বাড়িতে ব্যবহৃত ভাষায় কথা বলুন। এটা শব্দভাণ্ডার (ভোকাবুলারি) এবং পটভূমিমূলক জ্ঞান বৃদ্ধি করে।
    - লাইব্রেরি অথবা আমাদের **বিনা খরচের** ই-লাইব্রেরি, সোরা (Sora) (**soraapp.com/welcome**) পরিদর্শন করুন। আপনার সন্তানের আগ্রহ আছে এমন সব বই বেছে নিন।
    - ওয়ার্ড গেম (শব্দ দিয়ে খেলা) খেলুন। Scrabble, Boggle, অথবা Word Searches-এর মত গেমগুলো শব্দভাণ্ডার (ভোকাবুলারি) এবং শব্দ শনাক্তকরণ উন্নত করে।
    - একটি পড়ার রুটিন তৈরি করুন: একটি পড়ার রুটিন, যেমন রাতে খাবারের পর 20 মিনিট বই পড়া, পড়ার অভ্যাস গড়ে তুলতে সহায়তা করে। আপনার সন্তান নিজে নিজে, কোনো প্রাপ্ত-বয়স্কের সাথে, অথবা কোনো ছোট ভাই-বোন কিংবা কাজিনের সাথে পড়তে পারে।
    - আরো আইডিয়ার জন্য **schools.nyc.gov/LiteraryResources** -দেখুন।